'ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তান'ই যথেষ্ট'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারি
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd

## সভার নোটিশ

পপঅ/এফপি-এফএসডি/০২(বিবিধ)/২০২২-২৩/৩৬৯ তারিখ ঃ ১৪/০৮/২০২৩খ্রিঃ

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সিটিজেন্স চার্টার এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ এবং সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণসহ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত গঠিত কমিটি'র সভা আগামী ২৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ, বুধবার, বিকাল ২.৩০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী ঃ

০১। ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ।

০২। ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ।

০৩। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন কার্যালয়ের সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন।

০৪। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং

০৫। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনার অন্যান্য কার্যাদি।

১৪/৮/২০২৩

(মোঃ সোহেল পারভেজ)
পরিচালক (অর্থ) ও লাইন ডাইরেক্টর (এফপি-এফএসডি)
সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেনস্ চার্টার হালনাগাদকরণ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
ফোনঃ ৫৫০১২৩৪৭ (অফিস)
ই-মেইল:fsdpfp@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, আইইএম, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (উপ-পরিচালক/প্রোগ্রাম ম্যানেজার সমপর্যায়ের ১ জন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

২। পরিচালক, এমসিএইচ সার্ভিসেস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (উপ-পরিচালক/প্রোগ্রাম ম্যানেজার সমপর্যায়ের ১ জন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

৩। উপসচিব, জনসংখ্যা-১, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৪। উপ-পরিচালক (পার্সোনেল), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (সভায় অংশগ্রহণের জন্য)।

৫। প্রোগ্রাম ম্যানেরজার, এফপি-এফএসডি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (সভায় অংশগ্রহণের জন্য)।

৬। প্রোগ্রাম ম্যানেজার, এমআইএস (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

৮। অফিস কপি।

ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানইযথেষ্ট"।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

পপঅ/এফপি-এফএসডি/০২(বিবিধ)/২০২২-২৩/ ৩৮৪ তারিখ ঃ২৯/০৮/২০২৩খ্রিঃ

বিষয় ঃ ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন কার্যালয়/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদপূর্বক সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রকাশ (আপলোড) নিশ্চিতকরণ।

সূত্র নং: ৫৯.১১.০০০০.১৫৭.১৬.১২১(অংশ-৮).২৩.২৫৬৮ তারিখ: ২৫/০৭/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান অনুসারে সর্বময় ক্ষমতার উৎস জনগণ হওয়ায় তাদের সর্বোত্তম স্বার্থ তথা সাধারণ নাগরিকের সেবা প্রদানের অধিকার প্রাপ্তি নিশ্চিতকরণে সরকার প্রতিশ্রুতিবদ্ধ । সরকারি দপ্তরসমূহের মাধ্যমে নাগরিকগণ যাতে সহজে, সুলভে ও বিড়ম্বনা ছাড়া সেবা পেতে পারেন, তা বাস্তবায়নের জন্য দেশের সকল সরকারি দপ্তরে ইতোমধ্যেই সেবা প্রদান প্রতিশ্রুতি বা নাগরিক সনদ বা 'সিটিজেন'স চার্টার' প্রচলন করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বা নাগরিক সনদের কয়েকটি উদ্দেশ্য রয়েছে। যেমনঃ সেবা প্রাপ্তি সহজিকরণ; সেবা প্রাপ্তি সুলভ করা; সেবা প্রদান পদ্ধতিতে স্বচ্ছতা আনয়ন; এবং সেবা প্রদানকারী দপ্তরের দক্ষতা এবং জবাবদিহিতা বৃদ্ধিতে সহায়তা করা। এতদ্বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ডিসেম্বর ২০১৭ খ্রিঃ তারিখে জারিকৃত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ রয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়,মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ ও বার্ষিক কর্মসম্পাদন সূচকের প্রমাপ অর্জনে মন্ত্রিপরিষদ বিভাগের ডিসেম্বর ২০১৭ খ্রিঃ তারিখে জারিকৃত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুসারে ত্রৈমাসিকভিত্তিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরসহ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ এবং আওতাধীন কার্যালয়/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন এবং হালনাগাদপূর্বক স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ (আপলোড) নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হ'ল।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ।

সংযুক্তি ঃ ৬ পাতা।

(মোঃ সোহেল পারভেজ)
পরিচালক (অর্থ) ও লাইন ডাইরেক্টর (এফপি-এফএসডি)
সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেনস্ চার্টার হালনাগাদকরণ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
ফোনঃ ৫৫০১২৩৪৭ (অফিস)
ই-মেইল:fsdpfp@gmail.com
তারিখ ঃ২৯/০৮/২০২৩খ্রিঃ

পরিচালক, পরিবার পরিকল্পনা
........খুলনা....................বিভাগ।

পপঅ/এফপি-এফএসডি/০২(বিবিধ)/২০২২-২৩/ ৩৮৪

অনুলিপি : সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক/লাইন ডাইরেক্টর.................................অত্র অধিদপ্তর (সংশ্লিষ্ট ইউনিটের সিটিজেন্স চার্টার হালনাগাদকরণের অনুরোধসহ)।
২। উপসচিব, পার-১, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। উপপরিচালক, পরিবার পরিকল্পনা,.........................জেলা, ...............................বিভাগ (নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।
৪। উপ-পরিচালক (পার্সোনেল), প্রশাসনিক ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর ।
৫। প্রোগ্রাম ম্যানেজার (এমআইএস), ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৭। অফিস কপি।

(মোহাম্মদ জয়নুল আবেদীন)
ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (এফপি-এফএসডি)
সদস্য-সচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেনস্ চার্টার হালনাগাদকরণ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং ঃ পপঅ/এফপি-এফএসডি/০২(বিবিধ)/২০২২-২৩/ ৩৮৫ তারিখ: ২৯ /০৮/২০২৩খ্রিঃ

বিষয় ঃ **সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভার আয়োজন প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সিটিজেন্স চার্টারের উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ এবং সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরীবিক্ষণের জন্য গঠিত "সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত কমিটি " এর সভার সিদ্ধান্ত অনুসারে ৩১ আগস্ট ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় ফ্যামিলি প্ল্যানিং- ফিল্ড সার্ভিসেস ডেলিভারী ইউনিটের সভা কক্ষে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ক আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সভায় মোঃ সোহেল পারভেজ, পরিচালক (অর্থ) ও লাইন ডাইরেক্টর, ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারি এবং সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা "সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত কমিটি " পরিবার পরিকল্পনা অধিদপ্তর মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

০২। বর্ণিতাবস্থায়, উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

২৯/০৮/২০২৩

(মোহাম্মদ জয়নুল আবেদীন)
সহকারী পরিচালক ও ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার
এবং সদস্য সচিব ও
বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
"সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত কমিটি "

..............................
..............................
..............................

পপঅ/এফপি-এফএসডি/০২(বিবিধ)/২০২২-২৩/ ৩৮৫ তারিখ ঃ ২৯ /০৮/২০২৩খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক/লাইন ডাইরেক্টর ................................................................ পরিবার পরিকল্পনা অধিদপ্তর (সকল)।
২। উপসচিব, পার-১, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। উপ-পরিচালক (পার্সোনেল), প্রশাসনিক ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর ।
৪। উপপরিচালক (হিসাব),পরিবার পরিকল্পনা অধিদপ্তর, অর্থ ইউনিটের সিটিজেন্স চার্টার হালনাগাদকরণের অনুরোধসহ।
৫। প্রোগ্রাম ম্যানেরজার (এফপি-এফএসডি), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, এফপি-এফএসডির সিটিজেন্স চার্টার হালনাগাদকরণের অনুরোধসহ।
৬। প্রোগ্রাম ম্যানেজার (এমআইএস), ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৮। অফিস কপি।